**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৩.০৩.০৩৯.১৯/৫৫ (১৯) তারিখ: ২৮ জানুয়ারি, ২০২১ খ্রি:।

বিষয়: মোটর সাইকেলের সিকেডি'র সংজ্ঞা সংশোধন প্রসঙ্গে।

সূত্র: (১) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৯(৪)কাস-১/৯৩/(অংশ-১)/১৬২/(১-৯), তারিখ: ৯-৪-১৯৯৭ ইং।
(২) শিল্প মন্ত্রণালয় এর স্মারক নং-৩৬.০০.০০০০.০৬০.২২.০০৯.১৯-০৮, তারিখ:১২/০১/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মোটর সাইকেলের সিকেডি'র সংজ্ঞার অস্পষ্টতা থাকার কারণে মাঠ পর্যায়ে সৃষ্ট সংশয় দূরীকরণার্থে আধুনিক ও প্রযুক্তিগত পরিবর্তনসমূহ বিদ্যমান সিকেডি মোটর সাইকেলের সংজ্ঞায় অন্তর্ভুক্তকরণের বিষয়ে শিল্প মন্ত্রণালয় কর্তৃক সূত্র (২) এর মাধ্যমে সুপারিশ করেছে। শিল্প মন্ত্রণালয়ের সুপারিশের প্রেক্ষিতে সূত্র (১) এ উল্লিখিত আদেশে বর্ণিত মোটর সাইকেলের সিকেডি'র সংজ্ঞা সংশোধনপূর্বক পুনরায় মোটর সাইকেলের সিকেডি'র সংজ্ঞার অভিন্ন প্রয়োগের লক্ষ্যে সংশোধন করা হলো:

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত স্মারক নং-৯(৪) কাস-১/৯৩/(অংশ-১)/১৬২/(১-৯), তারিখ : ০৯/০৪/৯৭ ইং এর বাস, ট্রাক, মিনিবাস, মোটরকার, ট্রাক্টর ও মোটর সাইকেলের সিকেডি সংজ্ঞা এর অনুচ্ছেদ (৫) এ উল্লিখিত মোটর সাইকেল এর সিকেডি সংজ্ঞার পরিবর্তে নিম্নবর্ণিত মোটর সাইকেল এর সংজ্ঞা প্রতিস্থাপিত হবে, যথা:

**"(৫) মোটর সাইকেল:**

ইঞ্জিন (গিয়ার বক্সসহ) ও স্পিডোমিটার সম্পূর্ণ সংযোজিত অবস্থায় এবং অন্য সকল যন্ত্রাংশ আলাদাভাবে আমদানি করিলে ইহাকে সিকেডি হিসেবে গণ্য করা হইবে। মোটর সাইকেলের মেজর কম্পোনেন্টগুলো কিভাবে আলাদা থাকিবে তাহা বিশদভাবে নিম্নে প্রদান করা হইল:-

১। ইঞ্জিন, গিয়ার বক্সসহ একত্রে সংযোজিত কিন্তু কার্বোরেটর ও ইনলেট পাইপ ইঞ্জিন হতে বিযোজিত থাকিবে। তবে উল্লেখ্য যে, EFI/ FI (Electronic Fuel Injection/ Fuel Injection) মডেলের ক্ষেত্রে ইনলেট পাইপ/ ইনলেট মেনিফোল্ড, থ্রোটেল বডি/বক্স সংযোজিত থাকিতে পারিবে।

২। মেইন ফ্রেম বডি আলাদা থাকিবে।

৩। ফ্রন্ট ফর্ক আলাদা থাকিবে। তবে, উচ্চ প্রযুক্তির মোটর সাইকেলে ফ্রন্ট শক এবজরবার মেকানিজম সম্পন্ন ফ্রন্ট ফর্ক এর ক্ষেত্রে ফ্রন্ট শক এবজরবার আলাদা থাকার বিষয়টি প্রযোজ্য হইবে না।

৪। রিয়ার ফর্ক আলাদা থাকিবে।

৫। চেইন ও চেইন কভার আলাদা থাকিবে।

৬। হ্যান্ডেল, ব্রেক ক্যাবল ও সব সুইচ আলাদা থাকিবে। শুধুমাত্র উচ্চ প্রযুক্তির EFI/ FI সম্বলিত মোটর সাইকেলের ক্ষেত্রে হ্যান্ডেল এর সাথে প্রয়োজনীয় সকল সুইচ, হোচ, ব্রেক ক্যাবলসহ সকল ক্যাবল, এইচইউ ইউনিট, ব্রেক ক্যালিপার, গ্রীপ ইত্যাদি সংযোজিত অবস্থায় থাকিতে পারিবে।

৭। রিম, হাব, স্পোক, নিপল, টায়ার ও টিউব আলাদা থাকিবে। তবে, টিউবলেস চাকার ক্ষেত্রে টায়ার, নিপল, রিম, হাব ও ডিস্ক সম্পূর্ণ সংযোজিত অবস্থায় থাকিতে পারিবে।

৮। ফ্রন্ট এবং রিয়ার এক্সেল আলাদা থাকিবে।

৯। ব্রেক প্যানেল আলাদা থাকিবে। তবে, উচ্চ প্রযুক্তির মোটর সাইকেল EFI/ FI/ ABS (Anti-lock braking system) মডেলের ক্ষেত্রে ব্রেক, ডিস্ক ও প্যানেল/ক্যালিপার সম্পূর্ণ অবস্থায় ও

১০। রিয়ার শক এবজারবার আলাদা থাকিবে। তবে, উচ্চ প্রযুক্তি (EFI/ FI/ ABS) সম্বলিত মোটর সাইকেলে ফ্রন্ট শক এবজরবার মেকানিজম সম্পন্ন ফ্রন্ট ফর্ক এর ক্ষেত্রে ফ্রন্ট শক এবজরবার আলাদা থাকিবার বিষয়টি প্রযোজ্য হইবে না।

১১। স্পিডোমিটার অ্যাসেম্বলি আলাদা থাকিবে।

১২। ওয়্যারহারনেস, ইগনিশন কয়েল, রেকটিফায়ার লাইট, ব্যাটারি ইত্যাদি আলাদা আলাদা থাকিবে।

১৩। সাইড কভার আলাদা থাকিবে।

১৪। সিট আলাদা থাকিবে।

১৫। সামনের ও পিছনের ফেন্ডার আলাদা থাকিবে।

১৬। সাধারণ মডেলের ক্ষেত্রে ফুয়েল ট্যাংক অ্যাসেম্বলি আলাদা থাকিবে। তবে, EFI/ FI সম্বলিত উচ্চ প্রযুক্তির মোটর সাইকেলের ক্ষেত্রে সম্পূর্ণ অবস্থায় এবং মেইন চেসিস থেকে আলাদা থাকিবে।

১৭। সমস্ত প্রয়োজনীয় নাট-বোল্ট ও সংযোজনে প্রয়োজনীয় অন্যান্য এক্সেসরিজ বাক্স বন্দি হইয়া আলাদা আসিবে।”

০২। এমতাবস্থায়, সূত্র (১) এর আদেশে বর্ণিত নির্দেশাবলীর অভিন্ন শর্তের আলোকে মোটর সাইকেলের সিকেডি হিসেবে আমদানিকৃত চালানসমূহ চূড়ান্ত নিষ্পত্তি করার জন্যে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/০৭/২০২১

মোহাম্মদ মেহরাজ-উল-আলম সম্রাট
দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/পানগাঁও।

৭-১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (পশ্চিম)/ ঢাকা (পূর্ব)/ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম/ যশোর/ খুলনা/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা।

১৯। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

২০। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২১। পিএস টু সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯৩ মতিঝিল বা/এ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২২। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

২৩। সভাপতি, বাংলাদেশ মোটর সাইকেল এসেম্বলার্স এন্ড ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বিমামা), উত্তরা সেন্টার, ১০২, শহীদ তাজউদ্দীন আহমেদ এভিনিউ, ঢাকা-১২০৮।

২৪। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
নীতি শাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০৬০.২২.০০৯.১৯-০৮

তারিখ: ১২/০১/২০২১

বিষয়ঃ আধুনিক ও প্রযুক্তিগত পরিবর্তনসমূহ বিদ্যমান সিকেডি মোটরসাইকেলের সংজ্ঞায় অন্তর্ভুক্তিকরণের বিষয়ে মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিদ্যমান সিকেডি মোটরসাইকেলের সংজ্ঞায় আধুনিক ও প্রযুক্তিগত পরিবর্তনসমূহ অন্তর্ভুক্তিকরণের বিষয়ে গত ২২/১১/২০২০ তারিখ বাংলাদেশ মোটরসাইকেল এ্যাসেম্বলার এ্যান্ড ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বিমামা) থেকে শিল্প মন্ত্রণালয়ে একটি পত্র প্রেরণ করা হয় যা গত ২৯/১১/২০২০ তারিখ মহোদয়ের দপ্তরে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে মহোদয়ের দপ্তর থেকে মৌখিকভাবে জানানো হয় যে, মোটর সাইকেল শিল্পের সিকেডি'র সংজ্ঞায় প্রযুক্তিগত পরিবর্তনসমূহ অন্তর্ভুক্তির নিমিত্ত বিস্তারিত ব্যাখ্যাসহ শিল্প মন্ত্রণালয় থেকে জাতীয় রাজস্ব বোর্ডে পুনরায় সুপারিশ পত্র প্রেরণ করা প্রয়োজন। এছাড়া, মোটর সাইকেল শিল্পে সিকেডি সংজ্ঞার আধুনিকায়ন ও প্রযুক্তিগত পরিবর্তনসমূহ অন্তর্ভুক্তিকরণের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ মোটরসাইকেল এ্যাসেম্বলার এ্যান্ড ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বিমামা), এসিআই মটরস্ লিঃ ও শিল্প মন্ত্রণালয়ের সমন্বয়ে গত ০৬/০১/২০২১ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) জাতীয় রাজস্ব বোর্ডের বিদ্যমান মোটর সাইকেল শিল্পের সিকেডি'র সংজ্ঞায় প্রযুক্তিগত পরিবর্তনসমূহ অন্তর্ভুক্তির নিমিত্ত বিস্তারিত ব্যাখ্যাসহ শিল্প মন্ত্রণালয় থেকে জাতীয় রাজস্ব বোর্ডে পুনরায় সুপারিশ পত্র প্রেরণ করা হবে।

গত ০৬/০১/২০২১ তারিখ অনুষ্ঠিত সভায় জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ মোটরসাইকেল এ্যাসেম্বলার এ্যান্ড ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বিমামা), এসিআই মটরস্ লিঃ ও শিল্প মন্ত্রণালয় মোটর সাইকেল শিল্পের বিদ্যমান সিকেডি'র সংজ্ঞায় নিম্নবর্ণিতভাবে সংশোধনের বিষয়ে একমত পোষণ করেনঃ

| ক্রঃ | বিদ্যমান সংজ্ঞা | সংশোধিত সংজ্ঞা | সংজ্ঞা সংশোধনের যথার্থতা |
|---|---|---|---|
| ১ | ১. ইঞ্জিন, গিয়ার বক্সসহ একত্রে সংযোজিত কিন্তু কার্বোরেটর ও ইনলেট পাইপ ইঞ্জিন হতে বিয়োজিত থাকবে। | ১. ইঞ্জিন, গিয়ার বক্সসহ একত্রে সংযোজিত কিন্তু কার্বোরেটর ও ইনলেট পাইপ ইঞ্জিন হতে বিয়োজিত থাকবে। তবে উল্লেখ্য যে, EFI মডেলের ক্ষেত্রে ইনলেট পাইপ/ ইনলেট মেনিফোল্ড, থ্রোটেল বডি/বক্স সংযোজিত থাকতে পারবে। | • Fuel Injection ইঞ্জিন একটি আধুনিক এবং পরিবেশসম্মত প্রযুক্তি। এটি জ্বালানির অপচয় রোধ করে, কার্বোরেটর মডেলের তুলনায় ২২% কম emission করে, ইঞ্জিনের স্থায়িত্ব বৃদ্ধিসহ ইত্যাদিতে অধিকতর কার্যকর।<br>• বর্তমানে বাংলাদেশে মোট বিক্রিত মোটরসাইকেলের আনুমানিক ৩০% মডেল Fuel Injection প্রযুক্তিসম্পন্ন।<br>• উল্লেখ্য যে, Fuel Injection প্রযুক্তির ক্ষেত্রে কর্বোরেটরের প্রয়োজন হয় না। যেহেতু ইঞ্জিন ফায়ার টেষ্ট ইঞ্জিন ম্যানুফ্যাকচারার্স কর্তৃক করা হয়, সুতরাং, ইঞ্জিন সংযোজনের পরে ফায়ার টেস্ট করার জন্য ইনলেট পাইপ Throttle body/box সংযোজন থাকা বাধ্যতামূলক। |
| ২ | ৩. ফ্রন্ট ফর্ক আলাদা থাকবে। | ৩. ফ্রন্ট ফর্ক আলাদা থাকবে। তবে উচ্চ প্রযুক্তির মোটরসাইকেলে ফ্রন্ট শক এবজরবার মেকানিজম সম্পন্ন ফ্রন্ট ফর্ক এর ক্ষেত্রে ফ্রন্ট শক এবজরবার আলাদা থাকার বিষয়টি প্রযোজ্য হবে না। | • টেলিস্কোপিক ফ্রন্ট ফর্ক একটি উচ্চ প্রযুক্তি সম্পন্ন আধুনিক মানের সাসপেনসন সিস্টেম যাহা চালককে ব্রেকিং এবং বাইক নিয়ন্ত্রন করতে সাহায্য করে।<br>• ব্রেকিং এবং বাইক নিয়ন্ত্রণের ক্ষেত্রে উভয় ফ্রন্ট ফর্কের এলাইনমেন্ট খুবই গুরুত্বপূর্ণ, যা নিশ্চিত না হলে দূর্ঘটনার সম্ভাবনা থাকে।<br>• এলাইনমেন্ট নিশ্চিতকরণ অত্যন্ত সংবেদনশীল প্রক্রিয়া হওয়ার কারনে টেলিস্কোপিক ফ্রন্ট ফর্ক সংশ্লিষ্ট উৎপাদনকারী কর্তৃক সংযোজিত এবং পরীক্ষিত হয়ে আসে।<br>• শক এবজরবারের ভেতরে এবজরবার অয়েল (SAE 10W) থাকার কারণে তা সংযোজিত হয়ে আসে, অন্যথায় অয়েল এর মাধ্যমে অন্যান্য যন্ত্রাংশের ক্ষতি সাধন হবার সম্ভাবনা থাকে। |
| ৩ | ৬. হ্যান্ডেল আলাদা থাকিবে।<br>১২. ব্রেক কেবল আলাদা থাকবে।<br>১৪. সব সুইচ আলাদা থাকবে। | ৬. শুধুমাত্র উচ্চ প্রযুক্তির EFI সম্বলিত মোটরসাইকেলের ক্ষেত্রে হ্যান্ডেল এর সাথে প্রয়োজনীয় সকল সুইচ, হোস, ব্রেক ক্যাবলসহ সকল ক্যাবল, এবিএস ইউনিট, ব্রেক ক্যালিপার, [illegible] ইত্যাদি সংযোজিত অবস্থায় থাকতে পারবে। | • এবিএস একটি অত্যাধুনিক ব্রেক নিয়ন্ত্রন প্রযুক্তি। যেহেতু এবিএস প্রযুক্তিতে ইলেকট্রনিক হাইড্রোলিক ইউনিট সেন্সর বিদ্যমান, যাহা ক্যান কন্ট্রোলার নামক যন্ত্রের মাধ্যমে নিশ্চিত করা হয় - এ নিশ্চিতকরণ প্রক্রিয়ায় হ্যান্ডেলের সাথে সুইচ, হোস ক্যাবল ইত্যাদি সংযোজিত থাকা প্রয়োজন।<br>• এবিএস প্রযুক্তি নিশ্চিতকরণের ক্ষেত্রে সংযোজনের সময় হোসের মধ্যে ব্রেক [illegible] দেয়া হয় যাহা বিয়োজনে অন্যান্য পার্টসের ক্ষতি সাধিত হতে পারে। তাই হ্যান্ডেলের সাথে এগুলো সংযোজিত অবস্থায় আমদানি করা হয়। |

২২৫



| ক্রঃ | বিদ্যমান সংজ্ঞা | সংশোধিত সংজ্ঞা | সংজ্ঞা সংশোধনের যথার্থতা |
|---|---|---|---|
| ৪ | ৭. রীম, হাব, স্পোক, নিপল, টায়ার ও টিউব আলাদা থাকবে। | ৭. রীম, হাব, স্পোক, নিপল, টায়ার ও টিউব আলাদা থাকবে। তবে টিউবলেস চাকার ক্ষেত্রে টায়ার, নিপল, রীম, হাব ও ডিক্স সম্পূর্ন সংযোজিত অবস্থায় থাকতে পারবে। | • টিউবলেস টায়ার মোটরসাইকেলে একটি আধুনিক হুইল মেকিং প্রযুক্তি। এক্ষেত্রে স্পোক, হাব এবং টিউব ইত্যাদি ব্যবহারের প্রয়োজন হয় না। এতে চাকা পাংচার হওয়ার সম্ভাবনা কম থাকে, চাকার পাংচার মোরামত করার জন্য সহজে লিকুইড ব্যবহার করা যায়, চাকা পাংচার হলে ধীরে air pressure release করে যার দরুন দীর্ঘ দুরত্ব পার হওয়া যায়।<br>• টিউবলেস টায়ারের ক্ষেত্রে নিরাপত্তার স্বার্থে হুইল অ্যালাইনমেন্ট এবং লিক টেস্টের জন্য হুইল ম্যানুফ্যাকচারারর্স কর্তৃক রীম, টায়ার এবং নিপল সংযোজন করা হয়। |
| ৫ | ৯. ব্রেক পেনেল আলাদা থাকবে। | ৯. ব্রেক পেনেল আলাদা থাকবে। তবে উচ্চ প্রযুক্তির মোটরসাইকেল EFI/ABS মডেলের ক্ষেত্রে ব্রেক, ডিস্ক ও প্যানেল/ক্যালিপার সম্পূর্ণ অবস্থায় ও হ্যান্ডেলের সাথে সংযোজিত অবস্থায় থাকতে পারবে। | • এবিএস মডেলের ক্ষেত্রে ডিস্ক ব্রেক থাকা বাধ্যতামূলক এবং ডিস্ক ব্রেক এর ক্ষেত্রে ব্রেক প্যানেল প্রয়োজন হয় না।<br>• এবিএস প্রযুক্তি নিশ্চিতকরণের ক্ষেত্রে সংযোজনের সময় হোসের মধ্যে ব্রেক অয়েল দেয়া হয় যা বিয়োজনে অন্যান্য পার্টসের ক্ষতি সাধিত হতে পারে। তাই হ্যান্ডেলের সাথে এগুলো সংযোজিত অবস্থায় আমদানি করা হয়। |
| ৬ | ১০. ফ্রন্ট ও রিয়ার শক এবজারবার আলাদা থাকবে। | ১০. রিয়ার শক এবজারবার আলাদা থাকবে। তবে উচ্চ প্রযুক্তির মোটরসাইকেলে ফ্রন্ট শক এবজরবার মেকানিজম সম্পন্ন ফ্রন্ট ফর্ক এর ক্ষেত্রে ফ্রন্ট শক এবজরবার আলাদা থাকার বিষয়টি প্রযোজ্য হবে না। | • টেলিস্কোপিক ফ্রন্ট ফর্ক একটি উচ্চ প্রযুক্তি সম্পন্ন আধুনিক মানের সাসপেনসন সিস্টেম যাহা চালককে ব্রেকিং এবং বাইক নিয়ন্ত্রন করতে সাহায্য করে।<br>• ব্রেকিং এবং বাইক নিয়ন্ত্রণের ক্ষেত্রে উভয় ফ্রন্ট ফর্কের এলাইনমেন্ট খুবই গুরত্বপূর্ণ, যা নিশ্চিত না হলে দূর্ঘটনার সম্ভাবনা থাকে।<br>• এলাইনমেন্ট নিশ্চিতকরণ অত্যন্ত সংবেদনশীল প্রক্রিয়া হওয়ার কারনে টেলিস্কোপিক ফ্রন্ট ফর্ক সংশ্লিষ্ট উৎপাদনকারী কর্তৃক সংযোজিত এবং পরীক্ষিত হয়ে আসে।<br>• শক এবজরবারের ভেতরে এবজরবার অয়েল (SAE 10W) থাকার কারণে তা সংযোজিত হয়ে আসে, অন্যথায় অয়েল এর মাধ্যমে অন্যান্য যন্ত্রাংশের ক্ষতি সাধন হবার সম্ভাবনা থাকে। |
| ৭ | ১৮. ফিউল ট্যাংক অ্যাসেম্বলি আলাদা থাকবে। | ১৮. সাধারণ মডেলের ক্ষেত্রে ফিউল ট্যাংক অ্যাসেম্বলি আলাদা থাকবে। তবে EFI সম্বলিত উচ্চ প্রযুক্তির মোটরসাইকেলের ক্ষেত্রে ফুয়েল ট্যাংক সম্পূর্ণ অবস্থায় এবং মেইন চেসিস থেকে আলাদা থাকবে। | • বিশ্বব্যাপী সিকেডি উৎপাদন পর্যায়ে উচ্চ প্রযুক্তির কারখানার ক্ষেত্রে এটি হচ্ছে ফুয়েল ট্যাংকের সর্বোচ্চ নক ডাউন। |

এমতাবস্থায়, মোটর সাইকেল শিল্পের বিদ্যমান সিকেডি'র সংজ্ঞায় উপরে বর্ণিত সংশোধনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বাংলাদেশ মোটরসাইকেল এ্যাসেম্বলার এ্যান্ড ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বিমামা) এর পত্র ০৪ (চার) পাতা।

১২.০১.২০২২

মোঃ সলিম উল্লাহ
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫২৫৫৬
salimullah1969@gmail.com

প্রাপক

চেয়ারম্যান,
জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

০১। সচিব এর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। অতিরিক্ত সচিব (নীতি, আইন ও আস) এর ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩। সভাপতি, বাংলাদেশ মোটরসাইকেল এ্যাসেম্বলার এ্যান্ড ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বিমামা), উত্তরা সেন্টার, ১০২ শহীদ তাজ উদ্দীন আহমেদ সরণী, তেজগাঁও, ঢাকা-১২০৮।

০৪। Executive Director, ACI Motors Limited, ২৪৫, তেজগাঁও ইন্ডাষ্ট্রিয়াল এরিয়া, ঢাকা-১২০৮।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

নথি নং-৯(৪)কাস-১/৯৩/(অংশ-১)/১৬২/(১-৭), তারিখঃ ২৬-১২-১৪০৩ বাংলা। ৯-৪-১৯৯৭ ইংরেজী।

প্রেরক ঃ মোঃ আজহারুল হক,
দ্বিতীয় সচিব (শুল্কঃ নীতি ও বাজেট)।

প্রাপক ঃ কমিশনার,
শুল্ক ভবন,
ঢাকা/চট্টগ্রাম/মংলা।

ঃ কমিশনার,
শুল্ক, আবগারী ও ভ্যাট,
ঢাকা(দঃ)/ঢাকা(উঃ)/চট্টগ্রাম/
খুলনা/যশোর/রাজশাহী।

বিষয় ঃ **বাস, ট্রাক, মিনিবাস, মোটরকার, ট্রাক্টর ও মোটর সাইকেল ইত্যাদির সিকেডি এর সংজ্ঞা নিরূপণ প্রসঙ্গে।**

সূত্র ঃ (১) ৯(৪)কাস-১/৯৩/১৩৩৪-১৩৪৪, তারিখ ঃ- ১৪-১০-৯৫ ইং।
(২) ৯(৪)কাস-১/৯৩/(অংশ-১)/৬৫০/(১-১২), তারিখ ঃ- ০২-০১-৯৭ ইং।
(৩) ৯(৪)কাস-১/৯৩/(অংশ-১)/১৩১/(১), তারিখ ঃ- ২২-০৩-৯৭ ইং।

মহোদয়,

আদিষ্ট হয়ে বিষয়াধীন পণ্যে সিকেডি এর সংজ্ঞার অস্পষ্টতা থাকার কারণে মাঠ পর্যায়ে সৃষ্ট সংশয় দূরীকরণার্থে সূত্রোল্লিখিত আদেশসমূহ বাতিল পূর্বক পুনরায় সিকেডি'র সংজ্ঞার অভিন্ন প্রয়োগের লক্ষ্যে নিম্নরূপ আদেশ জারী করা হ'ল ঃ-

(১) শিল্প মন্ত্রণালয় কর্তৃক পরিবর্তিত সিকেডির সংজ্ঞা সংযুক্ত করা হ'ল। এই সংজ্ঞাটি অত্র চিঠি জারী হওয়ার তারিখ অর্থাৎ ০৯-০৪-১৯৯৭ খ্রীঃ তারিখ থেকে বলবৎ হবে। তবে বাস, ট্রাক, মিনিবাস ও জীপের সিকেডি যন্ত্রাংশের ক্ষেত্রে টায়ার, টিউব ও রীম সংযুক্ত থাকলে এবং ইঞ্জিনের সাথে ক্লাচ প্লেইট ও প্রেসার প্লেইট সংযুক্ত থাকলেও সিকেডি হিসাবে পরিগনিত হওয়ার যে বিশেষ সুবিধা এই নুতন সংজ্ঞাতে দেয়া হয়েছে তা পূর্বতন আমদানি চালান সমূহের ক্ষেত্রেও সমভাবে প্রযোজ্য হবে ;

(২) শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সিকেডি পণ্যের সংজ্ঞা, যে সকল পণ্যের উপর সিকেডি শুল্ক হার বিদ্যমান রয়েছে, শুধুমাত্র সে সকল পণ্যের ক্ষেত্রেই প্রযোজ্য হবে ;

(৩) জাতীয় রাজস্ব বোর্ড থেকে ১৪-১০-৯৫ ইং তারিখে জারীকৃত সিকেডি যানবাহনের সংজ্ঞা অনুযায়ী উক্ত তারিখ হতে যে সকল চালান মুচলেকা অথবা ব্যাংক গ্যারান্টির মাধ্যমে খালাস দেয়া হয়েছে সে সকল চালান সমূহ সংযুক্ত শিল্প মন্ত্রণালয়ের সিকেডি-এর সংজ্ঞার ভিত্তিতে চূড়ান্ত শুল্কায়ন করতে হবে ;

(৪) ২৮-০৪-৯৪ ইং বা তৎপরবর্তী সময়ে আমদনিকৃত সিকেডি যানবাহনের চালানের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত ১৪-১০-৯৫ ইং তারিখের সংজ্ঞা প্রযোজ্য হবে না। অতএব ঐ আদেশকে ইতিপূর্বে ২৮-৪-৯৪ এর ভূতাপেক্ষতা দেয়ার আদেশটি বাতিল বলে গণ্য হবে এবং এই ভূতাপেক্ষতার কারনে যে সকল চালান খালাসে ব্যাংক গ্যারান্টি গ্রহন করা হয়েছে বা দাবী নামা জারী করা হয়েছে বা মূচলেকা নেয়া হয়েছে তার সবই বাতিল করতে হবে ;

(৫) আন্তঃমন্ত্রণালয় কমিটি কর্তৃক এতদসংক্রান্ত প্রতিবেদন প্রণয়নের তারিখ অর্থাৎ ২৮-৪-৯৪ ইং তারিখের পূর্বে যে সকল সিকেডি চালান (সিকেডি এর সংজ্ঞার অস্পষ্টতার কারণে) মূচলেকা অথবা ব্যাংক গ্যারান্টির মাধ্যমে খালাস নেয়া হয়েছে সে সকল চালানের ক্ষেত্রে বর্তমান সংজ্ঞা প্রযোজ্য হবে না। তৎকালীন সময়ে প্রযোজ্য বিধিবিধান অনুযায়ী উক্ত চালানসমূহ চূড়ান্ত শুল্কায়ন করতে হবে।

২। অতএব, ক্রমিক নং- (১)-(৫)-এ বর্ণিত নির্দেশাবলীর আলোকে বাস, ট্রাক, মিনিবাস, মোটরকার, ট্রাক্টর ও মোটর সাইকেলের সিকেডি হিসাবে আমদানিকৃত চালানসমূহ চূড়ান্ত নিষ্পত্তি করার জন্যে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

আপনার অনুগত,

(মোঃ আজহারুল হক)
দ্বিতীয় সচিব(শুল্কঃ নীতি ও বাজেট)
ফোন # ৪০ ৬৩ ৭৪।

অনুলিপি ঃ-

১। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

# বাস, ট্রাক, মিনিবাস, মোটরকার, ট্রাক্টর ও মোটর সাইকেলের সিকেডি সংজ্ঞা

## (১) বাস, ট্রাক ও মিনিবাস ঃ

বাস, ট্রাক ও মিনিবাসের ক্ষেত্রে সিকেডির বেলায় নিম্নরূপ অবস্থায় থাকিবে ঃ-

১। ইঞ্জিন ঃ

ইঞ্জিন ষ্টারটার ও অলটারনেটর আলাদ আলাদা থাকিবে।

২। টান্সমিশন ঃ

(ক) গিয়ার বক্স ইঞ্জিন হইতে আলাদা থাকিবে। অটোমেটিক ট্রান্সমিশনের ক্ষেত্রে উইন্ড ক্যাপলিং/টক কনভাটার ইঞ্জিন হইতে আলাদা থাকিবে।

(খ) ক্লাচ প্লেইট ও প্রেসার প্লেইট সেপ্টেম্বর '৯৯ সাল পর্যন্ত সংযুক্ত অবস্থায় থকিতে পারিবে। উক্ত সময়ের পর ক্লাচ প্লেইট ও প্রেসার প্লেইট আলাদা থাকিবে।

(গ) ডিফারান্সিয়াল এসেম্বলি ফ্রেম হইতে আলাদা থাকিবে।

৩। চেসিস ঃ

চেসিস ফ্রেম যাহা লং মেম্বার ও ক্রস মেম্বারের সমম্বয়ে তৈরী হইবে, তাহাতে অন্য কোন যন্ত্রাংশ সংযোজিত থাকিবে না।

৪। স্যাসপেনশন ঃ

(ক) রেডিএটর এসেম্বলি, হোস পাইপ এবং আউট ফিটিং আলাদা আলাদা থাকিব।

(খ) শ্যাক এবজারবার আলাদা থাকিবে।

৫। কুলিং সিস্টেম ঃ

(ক) রেডিএটর এসেম্বলি, হোস পাইপ এবং আউট লিটিং আলাদা আলাদা থাকিবে।

(খ) সাইলেন্সার ও একজষ্ট পাইপ আলাদা থাকিবে।

৬। টায়ার ঃ

টায়ার, টিউব ও রীম সংযোজিত থাকিতে পারিবে।

৭। প্রপেলারশ্যাফট ঃ

প্রপেলার শ্যাফট এসেম্বলি সংযুক্ত অন্যান্য যন্ত্রাংশ সহ আলাদা থাকিবে।

৮। ব্রেক ঃ

(ক) ব্রেক মাষ্টার সিলিন্ডার, হুইল সিলিন্ডার এসেম্বল্ড অবস্থায় থাকিতে পারিবে এবং অন্যান্য সংশ্লিষ্ট কম্পোনেন্ট সাব এসেম্বল্ড অবস্থায় আলাদা থাকিবে।

(খ) ব্রেক সংক্রান্ত পাইপ ও তৎসংক্রান্ত যন্ত্রাংশ আলাদা থাকিবে।

৯। ব্রাকেট মাউনটিং ঃ

সব ধরণের ব্রাকেট মাউন্টিং আলাদা থাকিবে।

১০। কন্ট্রলস ঃ

একসেলারেটর, ব্রেক-ক্লাচ কন্ট্রলস একসেসরিজ সবই আলাদা আলাদা থাকিবে।

১১। ফিউল সাপ্লাই ঃ

ফিউল ট্র্যাংক, ফিউল লাইন সবই আলাদা থাকিবে।

১২। ষ্টিয়ারিং ঃ

ষ্টিয়ারিং গিয়ার কন্ট্রোল বক্স, শ্যাফট, ষ্টিয়ারিং হুইল, কলাম, লিংকেইজ ইত্যাদি সাব এসম্বল্ড অবস্থায় আলাদা থাকিবে।

১৩। ইলেকট্রিক্যাল ঃ

ব্যাটারী লাইট, সুইচ, মিটার বোর্ড এসম্বলি আলাদা আলাদা থাকিবে।

১৪। বডি ঃ

কেবিনের বিভিন্ন পার্ট আলাদা আলাদা থাকিবে যেমন – ছাদ, ফ্লোর, সাইড, ব্যাক ও ফ্রন্ট, বনেট, ফেনডার সমূহ, দরজা, ড্রাইভার সিট ইত্যাদি সবই আলাদা আলাদা থাবিবে। কাউল উইন্ডশীল সহ একত্রে থাকিতে পারিবে। লোড বডি থাকিতে পারিবে না।

১৫। ফ্রন্ট একসেল, রিয়ার একসেল ঃ

ফ্রন্ট একসেল এবং রিয়ার একসেল হুইল ড্রাম সংযুক্ত অবস্থায় থাকিতে পারিবে।

১৬। অন্যান্য ঃ

অন্যান্য আনুষঙ্গিক একসেসরিজ যাহা উল্লেখিত যানবাহনের সংযোজনের জন্য প্রয়োজন সবই আলাদা আলাদা প্যাকিং হইয়া আসিবে।

## (২) জীপ ঃ

নিম্নলিখিত অবস্থায় যন্ত্রাংশ আমদানি করিলে সিকেডি বলিয়া গণ্য হইবে ঃ

১। ইঞ্জিন ঃ

ইঞ্জিন, ষ্টারটার ও অলটারনেটর আলাদা আলাদা থাকিবে।

২। ট্রান্সমিশন ঃ

(ক) গিয়ার বক্স ইঞ্জিন হইতে আলাদা থাকিবে। অটোমেটিক ট্রান্সমিশনের ক্ষেত্রে উইন্ড ক্যাপলিং/টক কনভাটার ইঞ্জিন হইতে আলাদা থাকিবে।

(খ) ক্লাচ প্লেইট ও প্রেসার প্লেইট সেপ্টেম্বর '৯৯ সাল পর্যন্ত সংযুক্ত অবস্থায় থকিতে পারিবে। উক্ত সময়ের পর ক্লাচ প্লেইট ও প্রেসার প্লেইট আলাদা থাকিবে।

(গ) ডিফারান্সিয়াল এসেম্বলি ফ্রেম হইতে আলাদা থাকিবে।

(ঘ) ফ্রন্ট হুইল ড্রাইভের ক্ষেত্রে ফ্রন্ট এ্যাকসল্ড সংযোজিত অবস্থায় থাকিতে পারিবে।

৩। চেসিস ঃ

চেসিস ফ্রেম যাহা লং মেম্বার ও ক্রস মেম্বারের সমন্বয়ে তৈরী হইবে যাহাতে অন্য কোন যন্ত্রাংশ সংযোজিত থাকিবে না।

৪। সাসপেনশন ঃ

(ক) সামনের ও পিছনের স্প্রিং এসেম্বলী আলাদা আলাদাভাবে থাকিবে।

(খ) স্পক্ এবজারবার আলাদা থাকিবে।

৫। কুলিং সিস্টেম ঃ

(ক) রেডিএটর এসেম্বলি, হোস পাইপ এবং আউট ফিটিং আলাদা আলাদা থাকিবে।

(খ) সাইলেন্সার ও একজষ্ট পাইপ আলাদা থাকিবে।

৬। টায়ার ঃ

টায়ার, টিউব ও রীম সংযোজিত থাকিতে পারিবে।

৭। প্রপেলারশ্যাফট ঃ

প্রপেলার শ্যাফট এসেম্বলি সংযুক্ত অন্যান্য যন্ত্রাংশ সহ আলাদা থাকিবে।

৮। <u>ব্রেক ঃ</u>

(ক) ব্রেক মাষ্টার সিলিন্ডার, হুইল সিলিন্ডার এসেম্বল্ড অবস্থায় থাকিতে পারিবে এবং অন্যান্য সংশ্লিষ্ট কম্পোনেন্ট সাব এসেম্বল্ড অবস্থায় আলাদা থাকিবে।

(খ) ব্রেক সংক্রান্ত পাইপ ও তথসংক্রান্ত যন্ত্রাংশ আলাদা থাকিবে।

৯। <u>ব্রাকেট মাউন্টিং ঃ</u>

সব ধরণের ব্রাকেট মাউন্টিং আলাদা থাকিবে।

১০। <u>কন্টলস ঃ</u>

একসেলারেটর, ব্রেক-নাট কন্টলস একসেসরিজ সবই আলাদা আলাদ থাকিবে।

১১। <u>ফিউল সাপ্লাই</u> ঃ

ফিউল ট্যাংক, ফিউল লাইন সবই আলাদা থাকিবে।

১২। <u>ষ্টিয়ারিং ঃ</u>

ষ্টিয়ারিং গিয়ার কন্ট্রোল বক্স, শ্যাফট, ষ্টিয়ারিং হুইল, লিংকেইজ ইত্যাদি সাব এসেম্বল্ড অবস্থায় আলাদা থাকিবে।

১৩। <u>ইলেকট্রিক্যাল ঃ</u>

ব্যাটারী লাইট সুইচ, মিটার বোর্ড এসেম্বলি আলাদা আলাদা থাকিবে।

১৪। <u>বডি ঃ</u>

কেবিনের বিভিন্ন পার্ট আলাদা আলাদা থাকিবে যেমন- ছাদ, ফ্লোর, সাইড, ব্যাক ও ফ্রন্ট, বনেট, ফেন্ডার সমূহ, দরজা, ড্রাইভার সিট উইন্ডশীল, কাউল ইত্যাদি সবই আলাদা থাকিবে। রং করা ছাড়া থাকিবে।

১৫। <u>ফ্রন্ট একসেল, রিয়ার একসেল</u> ঃ

ফ্রন্ট একসেল এবং রিয়ার একসেল হুইল ড্রাম সংযক্ত অবস্থায় থাকিতে পারিবে।

১৬। <u>অন্যান্য ঃ</u>

অন্যান্য আনুষঙ্গিক একসেসরিজ যাহা উল্লেখিত যানবাহনের সংযোজনের জন্য প্রয়োজন সবই আলাদা আলাদা প্যাকিং হইয়া আসিবে।

## (৩) মোটর কার ঃ

বর্তমানে কোন কারখানাই মোটর কার সংযোজনে লিপ্ত নাই। তবে অদূর ভবিষ্যতে কেহ কার সংযোজনের কাজ হাতে নিলে যাহাতে কোন অসুবিধা না হয় তাই মোটর কারের জন্য নিম্নরূপ সিকেডির সংজ্ঞার সুপারিশ করা হইল।

১। বডি চেসিস সহ ওয়েল্ডিং করা সকল অংশ এক্ষেত্রে থাকিতে পারিবে তবে রং করা থাকিতে পারিবে না। প্রাইমার কোট থাকিতে পারে।

২। বনেট, লুট কজার, দরজা যাহা হিন্স দ্বারা লাগানো সবই আলাদা আলাদা আসিবে। এই সকল যন্ত্রাংশে প্রাইমার কোট থাকিতে পারে তবে ফাইনাল রং থাকিবে না।

৩। ইঞ্জিন ও গিয়ার বক্স আলাদা আলাদা থাকিবে এবং ফ্রেমের সহিত সংযোজিত থাকিবে না। ইঞ্জিন ওয়াটার কুল্ড হইলে রেডিয়েটর ও হোজ আলাদা থাকিবে।

৪। ট্রান্সমিশন সিষ্টেম ফ্রেমের সহিত সংযোজিত থাকিবে না। ডিফারেন্সিয়েল এসম্বলি আলাদা থাকিবে, প্রপেলার শ্যাফট আলাদা থাকিবে।

৫। ফ্রন্ট হুইল ড্রাইভের ক্ষেত্রে ফ্রন্ট এ্যাকসল সংযোজিত অবস্থায় থাকিতে পারিবে।

৬। সাসপেনশন সিষ্টেম বাক্সবন্দি/প্যাকিং হইয়া আলাদা আসিবে।

৭। ব্রেইক সিষ্টেমের মাষ্টার সিলিন্ডার, হুইল সিলেন্ডার এসম্বল্ড অবস্থায় বাক্সবন্দি/প্যাকিং হইয়া আলাদা ভাবে থাকিবে।

৮। ষ্টিয়ারিং সিষ্টেম সাব এসম্বল্ড অবস্থায় আলাদা আসিবে।

৯। ইলেকট্রিক্যাল সুইচ, ড্যা?? বোর্ড এসেম্বলি লাইট, ওয়্যার হারনেস ব্যাটারী বাল্ব ইত্যাদি আলাদা আলাদা ভাবে থাকিবে।

১০। ফিউল লাইন, ফিউল ট্যাংকস্ আলাদা আলাদা আসিবে।

১১। টায়ার, টিউব, রিম, ফ্ল্যাঞ্জ আলাদা আলাদা থাকিবে।

## (৪) ট্রাক্টর ঃ

নিম্নে বর্ণিত অবস্থায় আলাদা ভাবে আমাদানি করিলে সিকেডি বলিয়া গণ্য হইবেঃ-

১। ইঞ্জিন ও গিয়ার বক্স সংযোজিত অবস্থায়, অন্যান্য যন্ত্রাংশ হইতে আলাদা থাকিবে,

২। চেসিস ফ্রেম আলাদা আসিবে,

৩। ফ্রন্ট বনেট,

৪। ট্রান্সমিশন সিষ্টেম সাব-এসেম্বল্ড অবস্থায়,

৫। একজষ্ট পাইপ ও সাইলেন্সার পাইপ আলাদা,

৬। সাসপেনশন সিষ্টেম আলাদা,

৭। টায়ার, টিউব, রিম, ফ্ল্যাঞ্জ আলাদা আলাদা থাকিবে।

৮। ব্রেক সিষ্টেম (মাষ্টার সিলিন্ডার হুইল) সংযোজিত অবস্থায় আসিবে। তবে ব্রেক সংক্রান্ত পাইপ সমূহ আলাদা থাকিবে।

৯। একসেলারেটর, ব্রেক, ক্লাচ, একসেসরিজ সবই আলাদা আলাদা থাকিবে।

১০। ব্যাটারী, লাইট, মিটার বোর্ড এসেম্বলি আলাদা আলাদা আসিবে।

১১। ফিউল ট্যাংক, ফিউল লাইন সব আলাদা আলাদা আসিবে।

১২। ষ্টিয়ারিং গিয়ার কন্ট্রোল বক্স শ্যাফট, ষ্টিয়ারিং হুইল লিংকেইজ ইত্যাদি আলাদা থাকিবে।

ট্রাক্টর সংযোজনে ও ব্যবহারে প্রয়োজনীয় অন্যান্য সকল যন্ত্রাংশ আলাদা প্যাকিং হইয়া আসিবে।

## (৫) মোটর সাইকেল ঃ

ইঞ্জিন (গিয়ার বক্স সহ) ও স্পিডোমিটার সম্পূর্ণ সংযোজিত অবস্থায় এবং অন্য সকল যন্ত্রাংশ আলাদাভাবে আমদানি আমদানি করিলে ইহাকে সিকেডি হিসাবে গণ্য করা হইবে। মোটর সাইকেলের মেজর কম্পোনেন্টগুলো কিভাবে আলাদা থাকিবে তাহা বিষদভাবে নিম্নে প্রদান করা হইল ঃ-

১। ইঞ্জিন, গিয়ার বক্স সহ একত্রে সংযোজিত কিন্তু কাবুলেটর ও ইনলেট পাইপ ইঞ্জিন হইতে বিযোজিত থাকিবে।

২। মেইন ফ্রেমবডি আলাদা থাকিবে।

৩। ফ্রন্ট ফর্ক আলাদা থাকিবে।

৪। রিয়ার ফর্ক আলাদা থাকিবে।

৫। চেইন ও চেইন কভার আলাদা থাকিবে।

৬। হ্যান্ডেল আলাদা থাকিবে।

৭। রীম, হাব, স্পোক, নিপল, টায়ার ও টিউব আলাদা থাকিবে।

৮। ফ্রন্ট এবং রিয়ার একসেল আলাদা থাকিবে।

৯। ব্রেক পেনেল আলাদা থাকিবে।

১০। ফ্রন্ট ও রিয়ার শক এবজারবার আলাদা থাকিবে।

১১। স্পিডোমিটার এসম্বলি আলাদা থাকিবে।

১২। ব্রেক কেবল্‌স, ক্লাব কেবল, একসেলারেটর কেবল আলাদা থাকিবে।

১৩। ওয়্যার হারনেস, ইগনিশন কয়েল, রেকটিফায়ার লাইট, ব্যাটারী ইত্যাদি আলদা আলাদা থাকিবে।

১৪। সব সুইচ আলাদা থাকিবে।

১৫। সাইড কভার আলাদা থাকিবে।

১৬। সিট আলাদা থাকিবে।

১৭। সামনের ও পিছনের ফেন্ডার আলাদা থাকিবে।

১৮। ফিউল ট্যাংক এসম্বল আলাদা থাকিবে।

১৯। সমস্ত প্রয়োজনীয় নাট-বোল্ট ও সংযোজনে প্রয়োজনীয় অন্যান্য একসেসরিজ বাক্স বন্দি হইয়া আলাদা আসিবে।

এখানে উল্লেখ্য যে, উপযুক্ত পণ্য সমূহে ফাইনাল রং থাকিতে পারিবে না। কেবলমাত্র প্রাইম কোট থাকিতে পারিবে। তবে শুধুমাত্র মোটর সাইকেলের বেলায় সিকেডি যানবাহনের ক্ষেত্রে প্রযোজ্য অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে পেইন্টিং থাকলেও (অর্থাৎ ফাইনাল রং সহ) সিকেডি হিসাবে গণ্য করা হইবে।